

## উচ্চশিক্ষা

# বন্যার কারণে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিএড পরীক্ষা স্থগিত

বিশেষ প্রতিবেদক ঢাকা



ছবি : সংগৃহীত

বন্যা পরিস্থিতির অবনতির কারণে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন চলমান ২০২০ সালের বিএড স্নাতক (সম্মান) প্রথম বর্ষ দ্বিতীয় সেমিস্টার এবং দ্বিতীয় বর্ষ চতুর্থ সেমিস্টার পরীক্ষাও স্থগিত করা হয়েছে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এসব পরীক্ষা স্থগিত করা হলো। স্থগিত দুটি পরীক্ষার সংশোধিত সময়সূচি পরে জানিয়ে দেওয়া হবে।

By using this site, you agree to our Privacy Policy. OK

এর আগে সিলেট, সুনামগঞ্জসহ দেশের বিভিন্ন এলাকায় বন্যা পরিস্থিতির অবনতি হওয়ায় কাল রোববার থেকে শুরু হতে যাওয়া এসএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত করা হয়। ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান তপন কুমার সরকার গতকাল শুক্রবার প্রথম আলোকে এ তথ্য জানিয়েছেন। তিনি বলেন, পরীক্ষা শুরুর পরিবর্তিত তারিখ পরে জানানো হবে।

এ বছর এসএসসি ও সমমানের পরীক্ষায় মোট পরীক্ষার্থী ২০ লাখ ২১ হাজার ৮৬৮। গত বছর পরীক্ষার্থী ছিল ২২ লাখ ৪৩ হাজার ২৫৪। এ বছরের এসএসসি ও সমমানের পরীক্ষায় গত বছরের চেয়ে প্রায় সোয়া দুই লাখ পরীক্ষার্থী কমেছে।

৯টি সাধারণ শিক্ষা বোর্ড, মাদ্রাসা এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীন সারা দেশের ২৯ হাজার ৫১৯টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা ৩ হাজার ৭৯০টি কেন্দ্রে এসএসসি, দাখিল এবং এসএসসি (ভকেশনাল) পরীক্ষায় অংশ নেওয়ার কথা ছিল। এ বছর পরীক্ষার সময় তিন ঘণ্টা থেকে কমিয়ে দুই ঘণ্টা নির্ধারণ করা হয়েছিল।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ব © ২০২২ প্রথম আলো